

নং. 3.1

এক্সিকিউটিভ অর্ডার

**ঘোষিত দুর্যোগকালীন জরুরি অবস্থা চলমান রয়েছে**

**যেহেতু**, 20 নভেম্বর, 2019 তারিখে জারিকৃত নির্বাহী আদেশ 198 অনুযায়ী, মাত্রাতিরিক্ত বন্যা, ব্যাপক পর্যায়ের ভূমিক্ষয়, ও পানিজনিত ক্ষয়ক্ষতির কারণে ঘরবাড়ি ও অন্যান্য আবাসিক অবকাঠামো, ব্যবসা প্রতিষ্ঠান, ও সরকারি অবকাঠামোর উল্লেখযোগ্য ক্ষতি হওয়ায় কাম্বুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অরলিন্স, ওসওয়োগো, সেন্ট লরেন্স, ও ওয়েইন কাউন্টিতে একটি দুর্যোগকালীন অবস্থার ঘোষণা দেওয়া হয়েছিল;

**যেহেতু**, 6 জুলাই, 2021 তারিখে জারিকৃত নির্বাহী আদেশ 211 অনুযায়ী, স্টেটজুড়ে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার কারণে স্টেটব্যাপী একটি দুর্যোগকালীন অবস্থার ঘোষণা দেওয়া হয়েছিল;

**সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল**, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে নির্বাহী আদেশ 198 ও 211 অনুযায়ী স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি, এবং নির্বাহী আদেশ 198 থেকে 198.19, 211, 211.1 পর্যন্ত আদেশগুলোতে বর্ণিত মেয়াদ, শর্ত, ও স্থগিতাদেশ 22 নভেম্বর, 2021 তারিখ পর্যন্ত বহাল রাখছি।

এই বর্ষ দুই হাজার একুশের অক্টোবরের তেইশ তারিখে

আলবানি সিটিতে আমার হাতে এবং স্টেটের প্রাইভি

সিলমোহর ব্যবহার করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব